

পবিত্র ইঞ্জিল শরিফ ২৫ নম্বর ছিপারা

## তিছরা হান্নান

### পরিচিতি

আল্লা পাকর হুকুমে হজরত ইছা আল-মসীর সাহাবি হজরত হান্নানে (রা:) চিঠির আকারে অউ ছহিফা লেখছেন। লেখার কালো তান নাম না কইয়া খালি হউ মুরব্বি কইয়া পরিচয় দিছেন। হজরত ইছায় দুনিয়া থাকি বেহেস্তো তশরিফ নেওয়ার অনুমান ৫০-৬০ বছর বাদে ইখান লেখা অইছে। ইখান অইলো তান লেখা তিন নম্বর চিঠি, আস্তা ইঞ্জিল শরিফর মাজে হকল থাকি হুরু ছিপারা।

ই ছহিফা খান গউছ নামর একজন মুমিন ভাইর গেছে লেখছেন, অউ ভাইয়ে খুব মেহমানদারি করতা, তাইন একজন পাক্কা ইমানদার আছলা। আর দিত্রিফ নামে এক খবিছ বেটা আছিল, হে নেতাগিরি করিয়া জমাতরে দখল করতো চাইছে, লেখকে তার বিরুদ্ধে হুশিয়ারি দিছেন।

অউ ছিপারার ১১ আয়াতো আছে, “যে মানষে নেক কাম করে হে অইলো আল্লার বন্দা, আর যেগিয়ে বদ কাম করে, হে তো আল্লার দরশন পাইছে না।”

এরমাজে আছে,

- (ক) হজরত গউছরে ছালাম আর তারিফ ..... ১:১-৪ আয়াত  
(খ) ভন্ড দিত্রিফর নেতাগিরি আর দিমিত্রি ভাইর সুনাম ..... ১:৫-১২  
(গ) বিদায়ি ছালাম ..... ১:১৩-১৫

হজরত গউছরে ছালাম আর তারিফ

আল্লাই হকর খাতিরে আমি যারে মহস্বত করি, আমার মায়ার দুস্ত গউছর গেছে, আমি হউ মুরব্বিয়ে ইতা লেখরাম।

৩ ও মায়ার দুস্ত, আমি দোয়া করিয়ার তুমার হক্কলতা যানু সঠিক ভাবে চলে, আরো চাইয়ার তুমার দিল যেলা ভালা তুমার শরিল-গতরও যানু অলা ভালা থাকে। ৪ তুমার অখান থাকি কয়জন মুমিন ভাই আইয়া কইলা, আল্লাই হকর বেয়াপারে তুমি বুলে মজবুত আছো, ইখান হুনিয়া আমি খুব খুশি অইছি। ৫ আমার আওলাদ অকল আল্লাই হকর পথে চলরা হুনিয়া খুশি লাগের, ইখান থাকি বড় আর কুনু খুশির খবর অয় নি?

৬ ও মায়ার দুস্ত, তুমার অচিনা হউ মুছাফির ভাইয়াইনরে যেলা খেজমত করছো, ইতা তো খাটি মুমিনর কাম। ৭ তুমার মায়া-মহস্বতর কথা তারা জমাতর হুরু-বড় হকলর ছামনে কইছে। অখন আল্লার খুশি মাফিক তারারে ছহি-ছালামতে পাঠানির বেবস্তা করি দেও, তে আরো ভালা অইবো। ৮ তারা খালি আল-মসীর তবলিগো বারইছইন, তরিকার বাইরা মানষর গেছ থাকি কুনু সাইহ্য লইছইন না। ৯ এরলাগি অউ লাখান মানষরে সাইহ্য করা জরুর, যাতে হক কামো আমরাও শরিক থাকি।

ভন্ড দিত্রিফর নেতাগিরি আর দিমিত্রি ভাইর সুনাম

১০ আমি আগে জমাতর গেছে এখান চিঠি লেখছলাম, অইলে খবিছ দিত্রিফে জমাতর নেতাগিরি করতো চায়, এরলাগি হে আমার কথা হুনে না। ১১ অখন হে যেতা করের, আমি আইয়া হারি ইতা হকলরে জানাইমু। হে আমারারে ইংসা করিয়া বউত মিছা বদনাম রটাইছে। খালি ইখান নায়, মুমিন কুনু ভাইরে হে মানের না, আর অইন্য যেরা মানতো চায়, তারারেও বাধা দের, এমনকি জমাত থাকি বার করি দের।

১২ ও মায়ার দুস্ত, তুমি বদ কামর খরেদি না দৌড়াইয়া বরং নেক কাম করো। যে মানষে নেক কাম করে হে অইলো আল্লার বন্দা, আর যেগিয়ে বদ কাম করে, হে তো আল্লার দরশন পাইছে না। ১৩ জানো নি, হকলেউ দিমিত্রি ভাইর সুনাম গাইরা, এমনকি স্বয়ং আল্লার হকেও এন তারিফ

কররা। আমরাও এন তারিফ কররাম, আর তুমি তো জানো আমরার মুখর কথা হাছা।

বিদায়ি ছালাম

ভাইরে, তুমার গেছে লেখার বউততা আছিল, অইলে কলম-কালিয়ে হকলতা লেখরাম না। আশা আছে, খুব জলদি তুমার লগে দেখা-সাক্ষাত অইবো, অউ সময় মুখা-মুখি হকলতা গফ করমু। তুমার দুস্ত অকলেও তুমারে ছালাম জানাইছইন। আমরার হকল বন্ধু-বান্ধবরে ছালাম জানাইও। আছছালামু আলাইকুম ॥